স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেন্ট **"আইওলিন"**

চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

**হ্যানিম্যান হল,** খাগড়া, মুর্শিদাবাদ

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**

স্কুল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫২শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৫ই শ্রাবণ বুধবার, ১৩৭২ ইং 21st July 1965 { ১০ম সংখ্যা



**সকল ঘরের তরে...**

# দীপ্তি লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Seave

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




# খাস জনতা

কেরোসিন কুকার

রূপে লাবণ্যে ও নিপুণতা আদরে।

প্রস্তুতকারক

দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

দাঁত তোলানোর ও বাঁধানোর

নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ডেন্টাল ক্লিনিক**

ডাক্তার শ্রীদীনেশকুমার প্রামানিক, ডেন্টাল সার্জ্জেন

পোঃ জিয়াগঞ্জ — মুর্শিদাবাদ

**স্টুডেন্টস ফেভারিট**

রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ

★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৫ই শ্রাবণ বুধবার সন ১৩৭২ সাল।

# প্রকৃতি দেবীর চোর ধরা

—০—

"দুর্নীতিতে দেশ ভ'রে গেল, এই সব ঘুষখোর তস্করের দলকে নির্ম্মূল না করতে পারলে দেশের মঙ্গল নাই।" কথাটা প্রায় লোকের মুখেই শোনা যায়। কে এই দুর্নীতিপরায়ণদের নির্ম্মূল করিবে? সরকার এই কাঙাল দেশের বহু টাকা ব্যয় করিয়া এক দুর্নীতিদমন বিভাগে অনেক নীতিবানকে পুষিতেছেন। আজ প্রায় ১৮ বৎসর হইতে স্বাধীন দেশের কর্ণধারগণ দেশের শাসনভার গ্রহণ করিয়াছেন। ভারতের রাষ্ট্রপতি, রাজ্যসরকারগুলির রাজ্যপালদের দেখিলে আমাদের ক্ষুদ্রবুদ্ধিতে দাবা-খেলার রাজার কথা মনে হয়—রাজা কিস্তি দিবার আগে একবারমাত্র আড়াই পদ চলে, তারপর সামনাসামনি হোক বা কোণাকুণি হোক এক ঘরের বেশী চলে না। মন্ত্রী সামনাসামনি বা কোণাকুণি যতদূর ইচ্ছা চলিতে পারে। প্রায় রাজ্যেই আইন-সভা তো প্রধান মন্ত্রীর মুঠোর মধ্যে।

দুর্নীতি দমনের উপায় আজ পর্য্যন্ত দেখা গেল না। যদিও কোনও সদস্য সত্যিকার একটা উপায় বাতলাইবার চেষ্টা পান, তিনি হাস্যাস্পদ হইয়া ঠোঁট চাটিতে বাধ্য হন।

ঠিক হইল—দায়িত্বশীল ও উর্দ্ধতন সরকারী কর্ম্মচারিগণের ধনসম্পত্তি, ব্যক্তিগত অর্থ ও বিত্ত সম্বন্ধে একটা অনুসন্ধান করিতে হইবে। চাকরী প্রাপ্তির পূর্ব্বে তাঁহাদের দৌলতের পরিমাণ কি ছিল এবং চাকরী প্রাপ্তির পরে তাহার পরিমাণ কি হইয়াছে, তাহার হিসাব লইতে হইবে। প্রস্তাবটি যুক্তিসঙ্গত ও সময়োপযোগী কার্য্যকরী। এই প্রস্তাবটি গৃহীত হইলে দুর্নীতির হদিস বা সন্ধান পাওয়া যাইত। সরকার পক্ষ হইতে বাধা প্রাপ্ত হওয়ায় প্রস্তাবটি মাঠে মারা যায় অর্থাৎ অগ্রাহ্য হয়। দুর্নীতির মুরুব্বী যে কত বেশী তা বোঝা যাচ্ছে। দুর্নীতি কে বন্ধ করিবে! আমরা ঔষধের বিজ্ঞাপনে দেখিয়াছি—দুটি ছবি একটি ঔষধ সেবনের পূর্ব্বাবস্থা একটি সেবনের পরাবস্থা। অনুসন্ধান না করিয়াই আমরা প্রায় দেখি চাকরী পাইবার আগেকার কোটের বোতাম চাকরী পাওয়ার ছ'মাস পরে আর লাগা যায় না। মাঝে ৪ আঙ্গুল ফাঁক থাকে। এ চোর সরকার না ধরিলেও প্রকৃতি দেবী তাহার অর্থ বৃদ্ধির সঙ্গে মেদ বৃদ্ধির সহায়তা করিয়া লোকচক্ষে প্রকাশ করিয়া দিলেন। মুরুব্বীরা ইহা বন্ধ করিতে পারেন নাই।

---

## কারিগরি শিক্ষায় আগ্রহ

বহরমপুর কলেজ ও টেক্সটাইল টেকনোলজীতে ভর্ত্তি হবার জন্যে এবছরে প্রায় এক হাজার আবেদন-পত্র জমা পড়েছে। আসন অবশ্য ত্রিশটি। শুধু পশ্চিমবাংলার বিভিন্ন জেলা থেকে নয়, ভারতের বিভিন্ন রাজ্য থেকেও বহু ছাত্র ভর্ত্তি হবার জন্যে আবেদন কোরেছেন। কর্ত্তৃপক্ষ ১৩ই জুলাই থেকে ৫ দিন ধরে পরীক্ষা সুরু কোরেছেন এক হাজার আবেদনকারীর মধ্যে থেকে ত্রিশ জনকে বাছাই করার উদ্দেশ্যে। আবেদনকারীদের মধ্যে উচ্চতর মাধ্যমিক পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ থেকে স্নাতকোত্তীর্ণ ছাত্র রয়েছেন বোলে জানা গেছে।

মুর্শিদাবাদ ইনষ্টিটিউট অব্ টেক্নোলজীর তিনটে বিভাগে আসন পূর্ণ করার জন্যে আবেদনপত্র জমা পড়েছে। পশ্চিমবাংলার নানান্ জেলা ছাড়া বিহার ও আসাম রাজ্যের কিছু আবেদনপত্র এখানে এসে পৌঁচেছে। —'জনমত'

---

## স্কুলে ক্ষুধার্ত্ত ছাত্রীরা অজ্ঞান

অন্ন জোটে না, তবু স্কুলে পড়তে আসে, কলকাতার একটি প্রাথমিক পৌর বিদ্যালয়ের এমনি তেরটি বালিকা ক'দিন আগে স্কুলেই সংজ্ঞা হারায়।

---

## পরলোকগমন

গত ৩০শে আষাঢ় বৃহস্পতিবার রাত্রি ১০ ঘটিকার সময় মণ্ডলপুরের প্রখ্যাত ঘোষাল-পরিবারের স্বর্গীয় রামতারণ ঘোষাল মহাশয়ের জ্যেষ্ঠ পুত্র হরিহর ঘোষাল মহাশয় ৬৮ বৎসর বয়সে তাঁহার রঘুনাথগঞ্জ বাটীতে পরলোকগমন করিয়াছেন। তিনি বিধবা স্ত্রী, পাঁচ পুত্র, কনিষ্ঠ ভ্রাতা ও বহু আত্মীয়স্বজন রাখিয়া গিয়াছেন। এই ঘোষাল-পরিবারের অর্থ সাহায্যে মণ্ডলপুর গ্রামে দাতব্য চিকিৎসালয় প্রতিষ্ঠিত হওয়ায় উক্ত অঞ্চলের গ্রামবাসিগণের বিশেষ সুবিধা হইয়াছে। তাঁহার পরিবারবর্গের শোকে সমবেদনা জ্ঞাপন করিয়া আমরা পরলোকগত আত্মার চিরশান্তি কামনা করিতেছি।

---

## হিন্দী শিখতে হবে

কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্প্রতি এক ফতোয়া জারি করে ভারত সরকারে কর্মরত প্রতিটি অহিন্দীভাষী প্রথম শ্রেণীর অফিসারকে অবিলম্বে আবশ্যিকভাবে হিন্দী শেখার জন্য নির্দেশ দিয়েছেন। পশ্চিমবঙ্গ সহ ভারতের সকল রাজ্যেই সংশ্লিষ্ট অফিসারদের কাছে এই নির্দেশ পাঠানো হয়েছে। নির্দেশনামায় স্পষ্ট বলা হয়েছে এ ব্যাপারে কোন রকম কালহরণ করা চলবে না। জুলাই মাসের মধ্যেই প্রত্যেককে হিন্দী শিক্ষা প্রকল্পের আঞ্চলিক অফিসারের সঙ্গে যোগাযোগ করে যত তাড়াতাড়ি সম্ভব হিন্দী ভাষাটি শিখে ফেলতে হবে।

---

## ক্যানসারের ঔষধ

ভারতবর্ষের এক ধরণের গুল্মের ফল দুরারোগ্য ক্যানসার রোগ সারাতে পারে। সম্প্রতি সুইজারল্যাণ্ডের একদল গবেষক এটি আবিষ্কার করেছেন। হিমালয় পর্বতের কাশ্মীর থেকে সিকিমের সব জায়গাতেই এই গুল্ম জন্মায়। স্থানীয় নাম 'বন-কাকরি'। উদ্ভিদ বিজ্ঞানের নাম—'পোডোফিলিন' সমুদ্রপৃষ্ঠ থেকে ১৪ হাজার ফুট উঁচুতে জন্মায়। 'বন-কাকরী' লতাগাছ লম্বায় প্রায় ৬০ সেন্টিমিটার পর্য্যন্ত হয়। এই গাছে ফল হয় আগষ্ট সেপ্টেম্বর মাসে। বন-কাকরী ফল থেকে বিষাক্ত জিনিষ

বার করে দিয়ে ওষুধ তৈরী করতে হয়। নয়াদিল্লীর কাউন্সিল অব সায়েনটিফিক এণ্ড ইণ্ডাসট্রিয়াল রিসার্চ্চ-এর কাছে ওই আবিষ্কারের সংবাদটি এসে পৌঁচেছে।

---

### পারমিটশুদ্ধ সিমেন্টের বহু ফাইল উধাও

ফ্রি স্কুল ষ্ট্রীটে সরবরাহ দপ্তরের অফিস থেকে পারমিটশুদ্ধ সিমেন্টের বহু ফাইল উধাও হয়ে গিয়েছে। শুধু তাই নয় এই পারমিটগুলির সাহায্যে কে বা কারা ডিলারদের কাছ থেকে সিমেন্টও তুলে নিয়েছে। অভিযোগ এই সব সিমেন্ট পাচার হয়েছে কালোবাজারে। ঐসব পারমিটের প্রকৃত দরখাস্তকারীরা তাঁদের আবেদনের তদারক করতে এসে দেখতে পান তাঁদের নাম স্বাক্ষর করে অন্যে ঐ সব পারমিটে সিমেন্ট তুলে নিয়েছে। সরবরাহ দপ্তর সম্প্রতি এই উধাও ফাইলের তালিকা পাঠিয়েছেন এনফোর্সমেন্ট পুলিশের কাছে। পুলিশ এই অভিযোগ সম্পর্কে সম্প্রতি তদন্ত আরম্ভ করেছে।

---

### সীমান্তে চলাচল সম্পর্কে নিষেধাজ্ঞা

মুর্শিদাবাদ জেলা সমাহর্তা শ্রীবিশ্বরূপ মুখোপাধ্যায় মহাশয় পশ্চিমবঙ্গ নিরাপত্তা আইনের ২০ ধারানুযায়ী প্রচারিত এক আদেশবলে আগামী ১৪ই অক্টোবর পর্য্যন্ত মুর্শিদাবাদ জেলার ভারত পাকিস্তান সীমান্তের পাঁচ মাইল পর্য্যন্ত ভূখণ্ডে সন্ধ্যা হইতে ভোর পর্য্যন্ত যে কোন প্রকার যানবাহনে অথবা মনুষ্যবাহিত হইয়া গৃহপালিত পশুসহ সর্বপ্রকার আবশ্যকীয় পণ্যসামগ্রীর চলাচল এবং হাটে বাজারে, দোকানে ক্রয়-বিক্রয় নিষিদ্ধ করিয়াছেন। কেবলমাত্র যথাযথ লাইসেন্সপ্রাপ্ত ঔষধের দোকান, জেলা শাসন কর্তৃপক্ষের নিকট হইতে প্রয়োজনীয় আদেশনামা প্রাপ্ত কলিকাতা-শিলিগুড়ি সড়কে চলাচলকারী যানসমূহের এবং প্রকৃত মৎস্যজীবিদের ক্ষেত্রে এই আদেশ আবশ্যকমত শিথিল করা হইবে অথবা প্রযোজ্য হইবে না।

---


## জঙ্গিপুর কলেজ

### ( গভর্ণমেণ্ট স্পনসর্ড )

পোঃ জঙ্গিপুর, জেলা মুর্শিদাবাদ

ইতিহাস ও রাষ্ট্রবিজ্ঞানে 'অনার্স' এ ভর্ত্তি চলিতেছে। কলা ও বিজ্ঞান বিভাগে সাধারণভাবে প্রচলিত বিষয় সমূহ শিক্ষা দেওয়া হয়। মফঃস্বলের শান্ত পরিবেশে বিদ্যাশিক্ষার আদর্শ প্রতিষ্ঠান। বৈদ্যুতিক আলোযুক্ত মনোরম পরিবেশে অবস্থিত ছাত্রাবাসের দ্বি-আসনযুক্ত কক্ষ। পরীক্ষার ফল অতীব সন্তোষজনক বলিয়া স্বীকৃত। ছাত্র ভর্ত্তিতে বিশেষ কোন বিধি নিষেধ নাই। স্বাস্থ্যকর স্থান। খরচ মধ্যম রকম। বিরাট গ্রন্থাগার হইতে প্রয়োজনীয় পুস্তকাদি ছাত্রদিগকে ব্যবহার করিবার সুযোগ দেওয়া হয়। পর্যাপ্ত টিউটোরিয়াল, কম্পোজিশন এবং প্র্যাকটিক্যাল ক্লাসের ব্যাপক সুযোগ আছে।

যে কোন কাজের দিন বেলা ১০-৩০ মিঃ হইতে ১২টার মধ্যে কলেজ অফিস হইতে নির্ধারিত ফর্ম সংগ্রহ করিয়া আবেদন করিতে হইবে।


---

### মুর্শিদাবাদ ও নদীয়ায় অন্নকষ্ট

মুর্শিদাবাদের একাংশ ও নদীয়া জেলার বেশীর ভাগ লোক এখন অন্নকষ্টে দুর্দশাগ্রস্ত। প্রথমে অনাবৃষ্টি, তারপর অতিবৃষ্টির ফলে আউশ ফসলের শতকরা পঁচাত্তর ভাগ নষ্ট হয়ে গিয়েছে। পাটের অবস্থাও তথৈবচ। কৃষকদের কাজ নেই। বাজারে চালের দর এক টাকা ত্রিশ পয়সা থেকে দেড় টাকার মধ্যে। ন্যায্যমূল্যের দোকানে নিয়মিত সরবরাহ নেই। সুতরাং অনেককেই বিশেষ করে গ্রামের অধিবাসীদের একবেলা কিংবা আধপেটা খেয়ে কাটাতে হচ্ছে।

---

## আদর্শ পল্লী

### বিশ বছরে একটিও মামলা নাই

মেদিনীপুর জেলার তমলুক মহকুমার একটি ক্ষুদ্র পল্লী এক অভিনব দৃষ্টান্ত স্থাপন করেছে। এখান থেকে গত ২০ বছরের মধ্যে একটিও মামলা আদালতে হাজির করা হয় নি। জমি অথবা অন্য কোন বিষয় সম্পর্কে সকল বিরোধের মীমাংসা পল্লীবাসীরা নিজেরাই পল্লীর বয়োজ্যেষ্ঠ ব্যক্তিদের সহায়তায় সৌহার্দ্যপূর্ণভাবে করে নেন। এই পল্লীর নাম বড়হাটগাছিয়া। এটি তমলুক উন্নয়ন ব্লক নং ১-এর এলাকাধীন। ১৯৬২-৬৩ সালে অনুষ্ঠিত শ্রেষ্ঠ পল্লী প্রতিযোগিতায় এই পল্লীটি মেদিনীপুর জেলার মধ্যে শ্রেষ্ঠ পল্লীরূপে নির্ণীত হয়েছে।

---

## Notice.

It is notified for general information that the Commissioners of Jangipur Municipality at their meeting held on 5. 6. 64 have accepted rule 5-A of model P. F. Rules for payment of gratuity to their employees after retirement. A copy of the same has been kept in the Municipal Office for inspection by interested parties within 30 days from date during office hours. The matter will again be taken up for confirmation after the above period. Any suggestion in writing in the matter will be considered before the matter is sent to the Government for publication in the Gazette.

Sd/- P. G. Chatterjee
Chairman,
Jangipur Municipality.

---


Wanted a Chemistry teacher for top classes against a deputation vacancy. Apply by 28. 7. 65 Secretary, Raghunathganj H. S. M. School Raghunathganj P. O. (Murshidabad).





### বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

## আমলা কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

### ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন,** কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ ( সদরঘাট )

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন: ৫৫-৪৩৬৬ |

---

## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার
ছায়াবাণী সিনেমার সম্মুখে
পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের**

## চ্যবনপ্রাশ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ,
কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

---

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।
বার্ষিক মূল্য ২·২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।
বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।
শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ